

# বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে রবিবার

অনলাইন ডেক্স

১৫ আগস্ট ২০২৪, ০৩:৪৭ পিএম



## শিক্ষা মন্ত্রণালয়

দেশের বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে আগামী রবিবার। অন্তর্ভুক্তিকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস শিক্ষাপ্রতিষ্ঠান খোলার এ নির্দেশনা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে জারি করা অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

উপসচিব মোসাম্মৎ রহিমা আক্তার স্বাক্ষরিত আদেশে বলা হয়, ‘শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ খুলে দিয়ে শিক্ষা কার্যক্রম শুরু করার জন্য মাননীয় প্রধান উপদেষ্টা সদয় নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় প্রধান উপদেষ্টা-এর অনুরূপ নির্দেশনার প্রেক্ষিতে আগামী

১৮.০৮.২০২৪ তারিখ রবিবার হতে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ খুলে দিয়ে শিক্ষা কার্যক্রম শুরু  
করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।'